



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ঢাকা-১০০০

www.pkb.gov.bd

ঋণ ও অগ্রিম বিভাগ

নং ৫৩.১৬.২৬৬৬.৯১১.০২.০০৩.২৫-৩৭৭

তারিখঃ ০৫.০১.২০২৫ খ্রিঃ

বিষয়ঃ কতিপয় ক্ষেত্রে প্রবাসী কল্যাণ ব্যাংকে বর্তমানে চলমান লোন প্রোডাক্ট এবং সঞ্চয়ী স্কিমসমূহের সমন্বয়যোগী নাম ব্যবহার করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে প্রবাসী কল্যাণ ব্যাংকে বর্তমানে চলমান লোন প্রোডাক্ট এবং সঞ্চয়ী স্কিমসমূহের মধ্যে কতিপয় ক্ষেত্রে নামকরণ সমন্বয়যোগীকরণের বিষয়ে পরিচালনা পর্ষদের ২৪.১২.২০২৪ তারিখের ১২৯তম সভায় স্মারক উত্থাপন করা হলে পর্ষদ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেঃ

প্রবাসী কল্যাণ ব্যাংক এর বিদ্যমান নিম্নলিখিত সঞ্চয়ী স্কিম এবং লোন প্রোডাক্টসমূহের নাম সর্বজনীন ও সমন্বয়যোগী করার বিষয়ে পর্ষদ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

বিষয়	বিদ্যমান নাম	অনুমোদিত সমন্বয়যোগী নাম
লোন প্রোডাক্ট	১) বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণ	১) অভিবাসী বৃহৎ পরিবার ঋণ
সঞ্চয়ী স্কিম	১) বঙ্গবন্ধু সঞ্চয়ী স্কিম	১) সঞ্চয়ী স্কিম
	২) বঙ্গবন্ধু ডাবল বেনিফিট স্কিম	২) ডাবল বেনিফিট স্কিম
	৩) বঙ্গবন্ধু শিক্ষা সঞ্চয়ী স্কিম	৩) শিক্ষা সঞ্চয়ী স্কিম

২.০ এমতাবস্থায়, অত্র ব্যাংকের সকল বিভাগ, আঞ্চলিক কার্যালয় ও শাখাসমূহে কর্মরত সকলকে দাপ্তরিক/ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় বোর্ড কর্তৃক অনুমোদিত উপর্যুক্ত লোন প্রোডাক্ট এবং সঞ্চয়ী স্কিমসমূহের সমন্বয়যোগী নাম ব্যবহারকরণের জন্য অনুরোধ করা হলো।

৩.০ এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

(Signature) 05/01/2025

(মোহাম্মদ মফিজুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান (চলতি দায়িত্বে)

ঋণ ও অগ্রিম বিভাগ

অঞ্চল প্রধান/শাখা ব্যবস্থাপক (সকল)

প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

১. প্রিন্সিপাল ও সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. বিভাগীয় প্রধান, সকল (দৈনন্দিন দাপ্তরিক/অন্যান্য ব্যাংকিং কার্যক্রম পরিচালনা ও হিসাবায়নে বোর্ড কর্তৃক অনুমোদিত সমন্বয়যোগী নাম ব্যবহারের অনুরোধসহ);
৩. বিভাগীয় প্রধান, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ এবং আইটি অপারেশন ও ডিএফএস বিভাগ (বোর্ড কর্তৃক অনুমোদিত সমন্বয়যোগী নাম অত্র ব্যাংকের ওয়েবসাইটে আপলোড এবং CBS সফটওয়্যারে অন্তর্ভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৪. বিভাগীয় প্রধান, সাধারণ সেবা ও প্রকৌশল বিভাগ (বোর্ড কর্তৃক অনুমোদিত সমন্বয়যোগী নাম সম্বলিত ঋণ হিসাব ও সঞ্চয়ী হিসাবের লিফলেট মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৫. বিভাগীয় প্রধান, কেন্দ্রীয় হিসাব, অর্থ, বাজেট ও রেমিটেন্স বিভাগ (দৈনন্দিন হিসাবায়ন ও অন্যান্য ব্যাংকিং কার্যক্রম পরিচালনায় বোর্ড কর্তৃক অনুমোদিত সমন্বয়যোগী নাম ব্যবহারের অনুরোধসহ);
৬. অফিস কপি।